গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.২৫.৫৯৪.১৩৫৭

তারিখঃ ২০ পৌষ, ১৪৩২
০৪ ~~ডিসেম্বর~~ জানুয়ারি, ২০২৬

বিষয়: রিট পিটিশন নং-১৩৮৭৪/২০২৩ মামলার মহামান্য হাইকোর্টের অন্তর্বর্তীকালীন আদেশ মোতাবেক বাদীগণের আবেদন (এনেক্স-ডি) নিষ্পত্তিকরণের বিষয়টি অবহিতকরণসহ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র ১: তদন্ত কর্মকর্তা কর্তৃক প্রেরিত তদন্ত প্রতিবেদন (কাশিঅ প্রাপ্তি ডকেট নং-১৫৩৭, তারিখ: ১০.১১.২০২৫ খ্রি.)।
সূত্র ২: কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.২৫.৫৯৪,১২৯৯, তারিখ: ১৮.১১.২০২৫ খ্রি.।
সূত্র ৩: শুনানি প্রতিবেদন (কাশিঅ প্রাপ্তি ডকেট নং-১৭৫১, তারিখ: ১০.১২.২০২৫ খ্রি.)।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলাধীন ইদিলপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের প্রভাষক (ইংরেজী) জনাব মোঃ মেহেদী হাছান এবং প্রভাষক (ব্যবস্থাপনা) জনাব মোঃ আতাউর রহমান সরকার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষক হাজিরা খাতায় স্বাক্ষর প্রদান এবং এমপিওভুক্তির আদেশ প্রাপ্তির নিমিত্ত মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৩৮৭৪/২০২৩ মামলা দায়ের করেন।

২। উক্ত মামলায় মহামান্য হাইকোর্ট রুল গ্রহণের শুনানিতে বাদীগণ কর্তৃক গত ২৭.০৮.২০২৩ খ্রি. তারিখে দাখিলকৃত আবেদন (এনেক্স-ডি) নিষ্পত্তিকরণের জন্য ২ নং বিবাদী মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরকে আদেশ প্রদান করেন।

৩। উক্ত মামলার মহামান্য হাইকোর্টের অন্তর্বর্তীকালীন আদেশ মোতাবেক বাদীগণের আবেদন (এনেক্স-ডি) নিষ্পত্তিকরণের নিমিত্ত আবেদনে (এনেক্স-ডি) উল্লিখিত বিষয়সমূহ সরেজমিনে তদন্তকরণের জন্য নিয়োগকৃত তদন্ত কর্মকর্তা মামলার বাদীগণ, সংশ্লিষ্ট সকলের লিখিত বক্তব্য ও প্রাপ্ত তথ্য পর্যালোচনাপূর্বক নিম্নোক্ত মতামত প্রদান করেন;

ক। কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে ইদিলপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের প্রভাষক (ইংরেজী) এবং প্রভাষক (ব্যবস্থাপনা) পদে নিয়োগের জন্য মহাপরিচালকের প্রতিনিধির কোনো পত্র জারি করা হয়নি। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষ জালিয়াতির আশ্রয় গ্রহণ করে উক্ত ২ (দুই) টি পদসহ মোট ৬ (ছয়) জন শিক্ষকের এমপিও প্রস্তাবনা অধিদপ্তরে প্রেরণ করেছেন যা আইনানুগভাবে অপরাধ বিবেচনায় জনাব মোঃ খাজা মন্ডল এর বিরুদ্ধে এমপিও নীতিমালা মোতাবেক জরুরিভিত্তিতে এ অধিদপ্তরের এমপিও শাখা হতে ব্যবস্থা গ্রহণসহ অধ্যক্ষ কর্তৃক এমপিও প্রস্তাবনা প্রেরণে জালিয়াতির সার্বিক বিষয়াদি উল্লেখ করে আইনানুগ ব্যবস্থার বিষয়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা গ্রহণ।

খ। তদন্তকরণে প্রাপ্ত তথ্যাদির আলোকে দেখা যায় যে, মামলার বাদী জনাব মোঃ মেহেদী হাছান এবং জনাব মোঃ আতাউর রহমান সরকার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে খন্ডকালীন শিক্ষক হিসেবে নিয়োগ প্রাপ্ত হয়ে ২০২০ সাল পর্যন্ত কর্মরত ছিলেন। পরবর্তীতে তারা ২০২০ সালে স্বেচ্ছায় ইস্তফা প্রদান করলে প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত হওয়ায় অধ্যক্ষ জনাব মোঃ খাজা মন্ডল জালিয়াতির আশ্রয় গ্রহণ করে প্রভাষক (ইংরেজী) পদে জনাব মোছাম্মৎ মাহজাবীন সুলতানা এবং প্রভাষক (ব্যবস্থাপনা) পদে জনাব মোঃ মশিউর রহমান আকন্দকে এমপিওকরণের প্রস্তাবনা কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করেন। এমপিও নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রভাষক (ইংরেজী) এবং প্রভাষক (ব্যবস্থাপনা) পদে কেউ নিয়োগ প্রাপ্ত হোন নাই।

৪। ইদিলপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের জনাব মোঃ খাজা মন্ডল (অধ্যক্ষ), ম্যানেজিং কমিটির সভাপতি, মামলার বাদী জনাব মোঃ মেহেদী হাছান ও জনাব মোঃ আতাউর রহমান সরকার এবং বর্তমানে উক্ত প্রতিষ্ঠানে প্রভাষক (ইংরেজী) ও প্রভাষক (ব্যবস্থাপনা) পদে কর্মরত যথাক্রমে জনাব মোছাম্মৎ মাহজাবীন সুলতানা এবং জনাব মোঃ মশিউর রহমান আকন্দ কে তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের মতামত অবহিতসহ বর্ণিত বিষয়ে তাদের শুনানি গত ২৬.১১.২০২৫ খ্রি. তারিখে গ্রহণ করা হয়। সকলের লিখিত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং এমপিও শাখা হতে প্রেরিত তথ্য পর্যবেক্ষণপূর্বক নিম্নোক্ত মতামত পাওয়া যায়;

ক। কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে ইদিলপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের প্রভাষক (ইংরেজী) এবং প্রভাষক (ব্যবস্থাপনা) পদে নিয়োগের জন্য মহাপরিচালকের প্রতিনিধির কোনো পত্র জারি করা হয়নি। মামলার বাদীগণ এবং বর্তমানে প্রভাষক (ইংরেজী) ও প্রভাষক (ব্যবস্থাপনা) পদে কর্মরত কেউ এমপিও নীতিমালা মোতাবেক নিয়োগ প্রাপ্ত হয় নাই।

খ। জনাব মোঃ খাজা মন্ডল (অধ্যক্ষ) জালিয়াতির আশ্রয় গ্রহণ করে উক্ত ২ (দুই) টি পদসহ অন্যান্য পদের এমপিও প্রস্তাবনা কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করেছেন।

গ। সকল পক্ষের মতামত শ্রবণে তদন্ত কর্মকর্তার প্রতিবেদন যথার্থ প্রমাণিত হয়েছে।

৫। রিট পিটিশন নং-১৩৮৭৪/২০২৩ মামলার মহামান্য হাইকোর্টের অন্তর্বর্তীকালীন আদেশ মোতাবেক বাদীগণের আবেদন (এনেক্স-ডি) তদন্ত প্রতিবেদন এবং শুনানি প্রতিবেদনের মতামতের আলোকে নিম্নোক্ত সিদ্ধান্তে নিষ্পত্তি করা হলো;

ক। কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে ইদিলপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের প্রভাষক (ইংরেজী) এবং প্রভাষক (ব্যবস্থাপনা) পদে নিয়োগের জন্য মহাপরিচালকের প্রতিনিধির কোনো পত্র জারি করা হয়নি। মামলার বাদীগণ এবং বর্তমানে প্রভাষক (ইংরেজী) ও প্রভাষক (ব্যবস্থাপনা) পদে কর্মরত কেউ এমপিও নীতিমালা মোতাবেক নিয়োগ প্রাপ্ত হয় নাই।

খ। জনাব মোঃ খাজা মন্ডল (অধ্যক্ষ) জালিয়াতির আশ্রয় গ্রহণ করে উক্ত ২ (দুই) টি পদসহ অন্যান্য পদের এমপিও প্রস্তাবনা কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করায় তার বিরুদ্ধে জরুরিভিত্তিতে এমপিও শাখা এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ।

৬। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৩৮৭৪/২০২৩ মামলার মহামান্য হাইকোর্টের অন্তর্বর্তীকালীন আদেশ মোতাবেক বাদীগণের আবেদন (এনেক্স-ডি) নিষ্পত্তিকরণের বিষয়টি অবহিতসহ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৪.৭.২৪

(আবুল খায়ের মোঃ আব্বাস আলী)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর।

সভাপতি, ম্যানেজিং কমিটি
ইদিলপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ
সাদুল্লাপুর, গাইবান্ধা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

০১। অতিরিক্ত সচিব (অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০২। পরিচালক (পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৩। উপসচিব (এমপিও), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৪। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০৫। উপ-পরিচালক (এমপিও), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (জনাব মোঃ খাজা মন্ডল (অধ্যক্ষ) জালিয়াতির আশ্রয় গ্রহণ করায় তার বিরুদ্ধে জরুরিভিত্তিতে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের নির্দেশনা)।
০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সাদুল্লাপুর, গাইবান্ধা।
০৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ)।
০৮। অধ্যক্ষ, ইদিলপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, সাদুল্লাপুর, গাইবান্ধা।
০৯। জনাব মোঃ মেহেদী হাছান, মামলার বাদী, গ্রাম/রাস্তা:হরিনাথপুর, ডাকঘর: মহিপুর বাজার (৫৭১০), উপ: সাদুল্লাপুর, জেলা: গাইবান্ধা।
১০। জনাব মোঃ আতাউর রহমান সরকার, মামলার বাদী, গ্রাম/রাস্তা:ইদিলপুর, ডাকঘর: মহিপুর বাজার (৫৭১০), উপ: সাদুল্লাপুর, জেলা: গাইবান্ধা।
১১। সংরক্ষণ নথি।